

পানের কালো ও সাদা মাছি পোকা

পরিচিতি

পানের কালো মাছি পোকা:

রাজশাহী, বরিশাল ও চট্টগ্রাম অঞ্চলে পান বরজে কালো মাছি পোকাকার আক্রমণ বেশি দেখা যায় এ পোকা ক্ষুদ্রাকৃতি ও কালো বর্ণের দেখায়। পূর্ণবয়স্ক পোকা ও কীড়া বা নিম্ফ উভয়ই পান গাছের কচি পাতা ও ডগা থেকে রস শোষণ করে খায়। ফলে পান গাছের বৃদ্ধি ব্যহত হয়। পানের পাতা ছোট ও বিকৃত হয়ে যায় এবং উহাতে বাদামী বর্ণের দাগ পড়ে। বাদামী দাগযুক্ত পানের বাজার মূল্য কম হয়।

পানের সাদা মাছি পোকা:

ক্ষুদ্র আকৃতির এ পোকাকার পাখায় মোম সদৃশ সাদা গুঁড়া থাকায় এদের সাদা দেখায়। পূর্ণাঙ্গ পোকা ও এদের অপূর্ণাঙ্গ অবস্থা বা নিম্ফ পান পাতার ও কচি ডগার রস চুষে খেয়ে ক্ষতি করে। মার্চ মাস হতে শুরু করে আগস্ট মাস পর্যন্ত এদের আক্রমণ অধিক হয়ে থাকে।



চিত্র: পানের কালো মাছি পোকা ও সাদা মাছি পোকা

কালো ও সাদা মাছির সমন্বিত দমন ব্যবস্থাপনা:

- বরজের ভিতর ও চারিদিক পরিষ্কার পরিচ্ছন্ন রাখতে হবে।
- মারাত্মকভাবে আক্রান্ত পাতা তুলে ধ্বংস করতে হবে।
- এ পোকা হলুদ রং এ আকৃষ্ট হয়। তাই আঠালো হলুদ রংএর ফাঁদ পেতে এদের দমন করা যেতে পারে। হলুদ ফাঁদ তৈরির জন্য একটি প্লাস্টিকের বৈয়ামের উপরিভাগে মবিল বা অন্য কোন আঠালো পদার্থ মেখে পান বরজে স্থাপন করতে হবে। এর জন্য প্রতি হেক্টরে ৪০ টি ফাঁদ লাগবে।
- জৈববালাইনাশক ফিজিমাইট (১০% সোডিয়াম লরিল ইথার) অথবা নিম জাতীয় কীটনাশক বায়োনিম প্লাস ১ ইসি প্রতি লিটার পানিতে ১ মি:লি: হারে অথবা বায়োট্রিন (০.৫% মেট্রিন) প্রতি লিটার পানিতে ১.৪ মি: লি: হারে মিশিয়ে আক্রান্ত জমিতে গাছের পাতা ভিজিয়ে ভালোভাবে স্প্রে করতে হবে।
- বালাইনাশক ব্যবহার করার পূর্বে সকল উত্তোলনযোগ্য পান পাতা সংগ্রহ করে নিতে হবে এবং বালাইনাশক ছিটানোর পর কমপক্ষে ২-৩ সপ্তাহের মধ্যে পান পাতা সংগ্রহ করা যাবে না।

তথ্য সূত্র: কীটতত্ত্ব বিভাগ, সরেজমিন গবেষণা বিভাগ, বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট, জয়দেবপুর, গাজীপুর ও উদ্ভিদ সংরক্ষণ উইং, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা।

আরও তথ্যের জন্য:

পরিচালক উদ্ভিদ সংরক্ষণ উইং, ডিএই, খামারবাড়ি, ঢাকা-১২১৫। E-mail: dppw@dae.gov.bd

বিস্তারিত জানার জন্য আপনার নিকটস্থ উপসহকারী কৃষি অফিসার অথবা উপজেলা কৃষি অফিসে যোগাযোগ করুন।